

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
কারিগরি ও মান্বাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
E-mail: director@nactar.gov.bd
Web: www.nactar.gov.bd

স্মারক নং ৫৭.২১.০০০০.০০৮.৩৮.০০০১.১৬৭০

তারিখঃ ২২/১১/২০২১ খ্রি.

গবেষণার বিষয়ঃ নেকটার এবং অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত আইসিটি ট্রেনিংয়ের শ্রমবাজার ও চ্যালেঞ্জ
ভিত্তিক তুলনামূলক বিশ্লেষণ সংক্রান্ত গবেষণা।

কাজের ক্ষেত্র

গবেষণা পরিচালনা করার জন্য উপযুক্ত পরামর্শক সংস্থা/গবেষণা সংস্থা নিম্নলিখিত বিষয়গুলো নিয়ে কাজ করবে-

- ১। আইসিটি ভিত্তিক শ্রমবাজারের সাম্প্রতিক প্রবণতা বিশ্লেষণ।
- ২। শ্রমবাজারের জন্য যুগোপযোগী আইসিটি ট্রেনিং প্রদানে ফলপ্রসূ হবে এমন কিছু কার্যকর ব্যবস্থা সুপারিশ।
- ৩। বিদ্যমান আইসিটি ট্রেনিংসমূহের শ্রমবাজার ও চ্যালেঞ্জ ভিত্তিক পর্যালোচনা।
- ৪। ভবিষ্যৎ আইসিটি ট্রেনিং এর চ্যালেঞ্জ মোকাবিলা করার একটি সামগ্রিক কর্ম পরিকল্পনা প্রস্তাব।

গবেষণা সংক্রান্ত শর্তাবলী

- ১। ০৮ বিভাগের প্রশিক্ষণার্থীদের নিকট থেকে সংগ্রহকৃত তথ্যের উপর গবেষণা পরিচালনা করতে হবে। (নেকটারের প্রশিক্ষণার্থীদের তথ্য নেকটার কর্তৃক সরবরাহ করা হবে, অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীদের তথ্য গবেষণা প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে। অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তালিকা নেকটার কর্তৃক সরবরাহ করা হবে।) গবেষণা প্রস্তাব research.nactar@gmail.com ইমেইলে অথবা পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া বরাবর সরাসরি নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।
- ২। গবেষণা প্রস্তাব জমা দানের পর নির্ধারিত দিনে অফলাইন/ অনলাইনে সেমিনারে রিসার্চ প্ল্যান, মেথডোলজি, টাইমলাইন ও আর্থিক বাবস্থাপনা উপস্থাপন করতে হবে। সেমিনারের উপস্থাপনা যাচাই বাছাই পূর্বক একটি প্রতিষ্ঠানকে চূড়ান্ত কার্যাদেশ প্রদান করা হবে। সেমিনারের তারিখ ও সময় পরবর্তীতে নেকটারের ওয়েব সাইটে জানিয়ে দেয়া হবে।
- ৩। কার্যাদেশ প্রাপ্তির দিন থেকে ৬০ দিনের মধ্যে গবেষণা কাজ সম্পন্ন করতে হবে।
- ৪। গবেষণা চলাকালীন সময়ে নেকটার কর্তৃপক্ষকে প্রতি সপ্তাহে গবেষণা কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবহিত করতে হবে।
- ৫। গবেষণাকালে নেকটার ও অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে ইতোপূর্বে অনলাইন/ অফলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেছে এমন যে কোন দুইটি ব্যাচের প্রশিক্ষণার্থীদের Interview গ্রহণ করতে হবে।
- ৬। গবেষণাকালে Research ethics মেনে চলতে হবে।
- ৭। গবেষণা কাজের শেষে আন্তর্জাতিক মানের জার্নালে প্রকাশের উপযোগী গবেষণাপত্র তৈরি করে বাংলায় এবং ইংরেজিতে নেকটার কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
- ৮। সকল গবেষণা কাজের হার্ড কপি ও সফট কপি নেকটার কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
- ৯। গবেষণা চলাকালীন সময়ে নেকটার কর্তৃপক্ষের পরামর্শ ও নির্দেশনা অনুসরণ করতে হবে। গবেষণা চলাকালীন সময়ের মধ্যে মোট ২টি সেমিনার আয়োজন করতে হবে। দুটি সেমিনারের জন্য (৪০,০০০/= ও ৬০,০০০/=) মোট ১,০০,০০০/= টাকা নির্ধারিত থাকবে। সেমিনার দুইটি নেকটারের নিজস্ব ক্যাম্পাসে আয়োজন করতে হবে।
- ১০। গবেষণার ফলাফল নেকটার কর্তৃপক্ষ ছাড়া অন্য কোথাও সরবরাহ, হস্তান্তর বা প্রকাশ করা যাবে না, করলে বাংলাদেশের প্রচলিত আইনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।
- ১১। Sample Size ৪০০-এর উপরে হতে হবে। Balanced Data সংগ্রহ করতে হবে। সংগৃহীত সকল Raw Data ও Processed Data নেকটার কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

Enel Masud Akbar
22.11.21 22.11.21 22.11.21

22-11-21

22.11.21

22/11/21 22/11/21


22/11/21

১২। গবেষণার জন্য Quantitative and Qualitative Sample/Data সংগ্রহ করতে হবে এবং Quantitative and Qualitative Research methodology ব্যবহার করতে হবে। গবেষণার জন্য যথেষ্ট ডেটা প্রাপ্তির উপর নির্ভর করে Statistical/ Data Mining ভিত্তিক তুলনামূলক তথ্য বিশ্লেষণ করতে হবে।

১৩। ডাটা সংগ্রাহকালে ধর্মীয়, রাজনৈতিক ও সরকার বিরোধী কোন ধরনের উস্কানীমূলক প্রশ্ন/উত্তর সংগ্রহ করা যাবে না।

১৪। উল্লেখ্য যে, দরপত্রে উল্লেখিত ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ০২ (দুই) কিস্তিতে পরিশোধ করা হবে। Inception Report জমা দেয়ার পর মোট টাকার ৫০%, এবং Final Report জমা দেয়ার পর বাকি ৫০% পরিশোধ করা হবে।

১৫। উপরে উল্লেখিত শর্তাবলী আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২২/১১/২১

(মোঃ শাফিউল ইসলাম)

পরিচালক (উপসচিব)

নেকটার, বগুড়া।

Luel 22-11-21
Mand 22.11.21
A. B. 22.11.21
22-11-21
22-11-21
22-11-21
22-11-21